

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৫০২

আগরতলা, ৭ অক্টোবর, ২০২৪

গোমতী'র আগস্ট-সেপ্টেম্বর সংখ্যার উদ্বোধন



তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ বিকেলে দপ্তরের কনফারেন্স হলে এক অনুষ্ঠানে সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক সাময়িকী গোমতী'র আগস্ট-সেপ্টেম্বর (২০২৪) সংখ্যা প্রকাশিত হয়েছে। গোমতী'র সাহিত্য পত্রিকার এডিটোরিয়াল বোর্ডের কনভেনার তথা ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ড. অরুনোদয় সাহা 'গোমতী'র আগস্ট-সেপ্টেম্বর সংখ্যার আবরণ উন্মোচন করেন। গোমতী'র উদ্বোধন করে ড. অরুনোদয় সাহা তথ্য ও সংস্কৃতি দপ্তরের এই উদ্যোগের প্রশংসা করেন। তিনি বলেন, বর্তমান রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে গোমতী সংখ্যাটি বছরে দু'বার প্রকাশ করা হবে। তবে এই সংখ্যাটি শুধু সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক হলে চলবে না। এটা গবেষণামূলক হতে হবে। লেখার গুণমান বজায় রেখে নবীন লেখক ও ছাত্রছাত্রীদের লেখা প্রকাশ করতে হবে।

অনুষ্ঠানে ত্রিপুরা রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান তথা এডিটোরিয়াল বোর্ডের সদস্য সুব্রত চক্রবর্তী এবারের প্রকাশিত গোমতী সংখ্যাকে অসাধারণ বলে উল্লেখ করেন। তাছাড়া বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের যুগ্ম অধিকর্তা সঞ্জীব চাকমা, এডিটোরিয়াল বোর্ডের সদস্য মানস পাল, ড. আশীষ কুমার বৈদ্য, ড. সন্দীপ দেব, বিশ্বেন্দু ভট্টাচার্য প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন এডিটোরিয়াল বোর্ডের সদস্য সচিব তথা তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহঅধিকর্তা প্রমোদ আচার্য। উপস্থিত ছিলেন গোমতী পত্রিকার সম্পাদক তথ্য ও সংস্কৃতি দপ্তরের বরিষ্ঠ তথ্য আধিকারিক এথেনা মিত্র। উল্লেখ্য, আসন্ন শারদ উৎসব উপলক্ষে এই সংখ্যাটি প্রকাশিত হয়েছে। এর বিনিময় মূল্য ৫০ টাকা।

\*\*\*\*\*